কালের কণ্ঠ

তারিখ: 16 OCT 2017 পৃষ্ঠা: 2 কলাম: 6

জাবির ভর্তি পরীক্ষা

# জালিয়াতির দায়ে ঢাবি শিক্ষার্থীর ৬ মাসের জেল

**জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষায় জালিয়াতির অভিযোগে এক তরুণকে ছয় মাসের কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। গতকাল রবিবার সকাল ৯টায় শুরু হওয়া 'বি' ইউনিটের প্রথম পালার পরীক্ষা চলাকালে এই তরুণকে আটক করে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

আটককৃত তরুণ জিজ্ঞাসাবাদে নিজের নাম রাকিবুল হাসান বলে জানিয়েছেন। তিনি নিজেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী বলে দাবি করেন। তবে খোঁজ নিয়ে জানা গেছে, রাকিবুল ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের প্রথম বর্ষের ছাত্র। তিনি ওই বিশ্ববিদ্যালয়ের বিজয় একাত্তর হলের আবাসিক শিক্ষার্থী।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রশাসন জানিয়েছে, জয়নাল আবেদীন (ভর্তি পরীক্ষার রোল ২১৫৪১৯) নামের এক ভর্তীচ্ছুর ছবি পরিবর্তন করে পরীক্ষায় অংশগ্রহণ করেন রাকিবুল। পরীক্ষা চলাকালে দায়িত্বরত শিক্ষকদের নজরে পড়লে তাঁকে আটক করা হয়। এরপর গতকাল সন্ধ্যায় ভ্রাম্যমাণ আদালত রাকিবুলকে ছয় মাসের বিনাশ্রম কারাদণ্ড দেন।

জিজ্ঞাসাবাদে রাকিবুল জানিয়েছেন, জয়নাল আবেদীন নামের এক ভর্তীচ্ছু শিক্ষার্থীকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ভর্তি করিয়ে দেওয়ার শর্তে তিন লাখ টাকার চুক্তি করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে ব্যবসায় প্রশাসনে (বিবিএ) স্নাতক শেষ করা কামরুজ্জামান লিজু। এর মধ্যে দুই লাখ টাকা তাঁকে দেওয়ার কথা।

**সাংবাদিকের সঙ্গে সহকারী প্রক্টরের অসদাচরণের অভিযোগ**

গতকাল ভর্তি পরীক্ষা চলাকালে এক সাংবাদিকের সঙ্গে অসদাচরণের অভিযোগ উঠেছে বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর প্রাণরসায়ন ও অনুপ্রাণবিজ্ঞান বিভাগের প্রভাষক মাহবুবুল মোর্শেদের বিরুদ্ধে। সংবাদ সংগ্রহ করতে গেলে মাহবুবুল মোর্শেদ তাঁর সঙ্গে অসদাচরণ করেন বলে অভিযোগ করেন ওই সাংবাদিক।

এ বিষয়ে জানতে সহকারী প্রক্টর মাহবুবুল মোর্শেদের সঙ্গে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে 'এখন ব্যস্ত আছি' বলে তিনি ফোন রেখে দেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং ..........
সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ
কার্যার্থে/অবগত্যর্থে
স্বাক্ষর